

১) শূন্যস্থান পূরণ করো : $১ \times ৪ = ৪$

(ক) বঙ্গ নামটির প্রথম উল্লেখ পাওয়া যায় ঋকবেদের _____ ।

উত্তর : বঙ্গ নামটির প্রথম উল্লেখ পাওয়া যায় ঋকবেদের ঐতরেয় আরণ্যক ।

(খ) পূর্ব পাকিস্তান স্বাধীন দেশ হয় _____ খ্রিস্টাব্দে।

উত্তর : পূর্ব পাকিস্তান স্বাধীন দেশ হয় ১৯৭১ খ্রিস্টাব্দে।

(গ) শশাঙ্কের রাজধানী ছিল _____ ।

উত্তর : শশাঙ্কের রাজধানী ছিল কর্ণসুবর্ণ।

(ঘ) লক্ষণসেনের রাজধানী ছিল _____ ।

উত্তর : লক্ষণসেনের রাজধানী ছিল পূর্ববঙ্গের বিক্রমপুর ।

২) স্তম্ভ মেলাও : $১ \times ৪ = ৪$

উত্তর :

ক-স্তম্ভ	খ-স্তম্ভ
গৌড়বহাে	বাকপতিরাজ
হর্ষচরিত	বাণভট্ট
কিতাব অল-হিন্দ	অল বিরুনি
রামচরিত	সঙ্ক্যাকর নন্দী

৩) একটি-দুটি বাক্যে উত্তর দাও : $১ \times ৩ = ৩$

(ক) কোন তিনটি নদী দিয়ে প্রাচীন বাংলার সীমানা তৈরি হয়েছিল?

উত্তর : প্রাচীন বাংলার সীমানা তৈরি হয়েছিল ভাগীরথী, পদ্মা এবং মেঘনা -এই তিনটি নদী দিয়ে।

(খ) কে 'গঙ্গাইকোচোল' উপাধি নিয়েছিলেন?

উত্তর : 'গঙ্গাইকোচোল' উপাধি নিয়েছিলেন চোলরাজা প্রথম রাজেন্দ্র চোল।

(গ) 'খলিফা' শব্দের অর্থ কী?

উত্তর : 'খলিফা' শব্দের মানে হলো – প্রতিনিধি বা উত্তরাধিকারী।

বাকি প্রশ্নের উত্তরের জন্য ছাত্র ছাত্রীরা পুরো টেক্সটবুক টাকে ভালোমতো পড়ে নিজে করার চেষ্টা করো